দৈনিক সংবাদ

তারিখ 17 MAY 1992
পৃষ্ঠা··· ·· কলাম ··· ···

# বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ বাড়ানো হবেঃ অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী এম সাইফুর রহমান বলেছেন, বর্তমান গণতান্ত্রিক সরকার জীবনযাত্রার মানোন্নয়ন এবং মানব সম্পদের বিকাশ ঘটাতে চায়।

বাসস জানায়, গতকাল শনিবার প্রবীণ ভবনে প্রবীণ হিতৈষী সংঘের ২৫তম বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির ভাষণে অর্থমন্ত্রী বলেন, আগামী ১৯৯২-৯৩ অর্থবছরের বাজেটে দেশের সার্বিক উন্নয়নের জন্য শিক্ষাখাতে বরাদ্দ বাড়ানো হবে।

সভায় সভাপতিত্ব করেন সংঘের সভাপতি আজিজুল হক এবং অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মহাসচিব এম, এ ওয়াহিদ ও সহকারী সম্পাদক মালিহা খাতুন।

অর্থমন্ত্রী সাক্ষরতা প্রসারের কাজে সরকারকে সাহায্য করার জন্য প্রবীণদের প্রতি আহ্বান জানান। তিনি সংঘকে শিক্ষা ও উন্নয়নমুখী কর্মসূচী নেয়ারও অনুরোধ জানান।